

# স্বাধীনতা দিবস উদ্‌যাপিত

রিপোর্টঃ বাংলাদেশ কমিউনিটি কাউন্সিল



গত ১৭ই মার্চ ২০০৭, ওয়েলি পার্ক পাবলিক স্কুল মাঠে বাংলাদেশ কমিউনিটি কাউন্সিল ও লেকেম্বা বাংলাস্কুলের আয়োজনে স্বাধীনতা দিবস উদ্‌যাপন উপলক্ষে প্রতিবারের মত এবারও সম্পন্ন হলো এক বর্ণাঢ্য আনন্দ মেলা। গুড়ি গুড়ি বৃষ্টির কারণে মেলা আরম্ভ করতে একটু দেরি হলেও প্রচুর দর্শকের উপস্থিতিতে বেলা ২ঃ১৫ মিনিটে মেলার আনুষ্ঠানিক উদ্বোধন করেন বাংলাদেশের স্বনামধন্য অপ্রতিদ্বন্দ্বি জনপ্রিয় কণ্ঠ শিল্পী রুনা লায়লা এবং চিত্র নায়ক আলমগীর। বেলা ২ঃ৩০ মিঃ হতে ৪ঃ০০টা পর্যন্ত স্থানীয় বিভিন্ন শিল্পীরা সঙ্গীত পরিবেশন এবং কবিতা আবৃত্তি করেন। বেলা ৪ঃ০০টার সময় স্টেজে আসেন সিডনির জনপ্রিয় ব্যান্ড কুস্টি, একটানা ৬ঃ০০টা পর্যন্ত তারা অনেকগুলি জনপ্রিয় গান পরিবেশন করে দর্শক-শ্রোতাদের মুগ্ধ করেন। সমগ্র অনুষ্ঠানটি উপস্থাপন করেন সিডনির বাংলাদেশ রেডিও সিডনির প্রযোজক-পরিচালক ও উপস্থাপক জনাব সালেহ্ ইবনে রসূল এবং বাংলাদেশের অতিপরিচিত মুখ ছায়াছন্দের উপস্থাপিকা মিসেস হাসনে হেনা। অনুষ্ঠান উপস্থাপনার ফাঁকে ফাঁকে দু'জনের ছন্দময় কথোকপন দর্শক-শ্রোতারা খুবই উপভোগ করেন।

এবারের মেলার বিশেষ আকর্ষণ ছিল লেকেম্বা বাংলাস্কুলের ছোট ছোট ছেলেমেয়েদের পরিবেশনায় নাচ এবং বিশেষ নাট্যানুষ্ঠান- 'বায়ান্ন থেকে একাত্তর'। অনুষ্ঠানটি পরিকল্পনা ও উপস্থাপনা করেন জনাব তারিক আঞ্জাম এবং লেকেম্বা বাংলাস্কুলের প্রিন্সিপাল মিসেস জেবুন নাহার (লিটা)। অনুষ্ঠানে অংশ গ্রহন করেন শিশু শিল্পী জাকিব, জোহেব, তাহমিদ, মাফিদ, ফাহিম, অয়ন, রোমেল, সালেক, নাবিল, নাইমুল, নাশিতা ও শর্মিষ্ঠা।

সন্ধ্যা ৬ঃ৪৫মিনিটে শুরু হয় স্বাধীনতা দিবসের উপর আলোচনা অনুষ্ঠান। আলোচনা অনুষ্ঠানে অংশ গ্রহন করেন **Ms. Linda Burney MP**, **Mr. K. Salah** (Councilor of Canterbury City Council), **Masood Chowdhury** (General Secretary - BCCI), **Mr. M. Shah Alam** (Former President of BCCI), **Dr. Abdul Wahab** (President Lakemba Bengal School), **Mr. Faroque Khan**

(President Bangladesh Association of Australian), **Mr. David Bital** এবং **Mr. Wofik Gobran**.

প্রতিবারের মত এবারও বাংলাদেশী কমিউনিটিতে বিশেষ অবদান রাখার জন্যে একজন Social worker - কে স্বাধীনতা পদক প্রদান করা হয়। online ভোটার ভিত্তিতে **Dr. Abdul Haq** কে তার বিশেষ কাজের স্বীকৃতি স্বরূপ স্বাধীনতা পদক হস্তান্তর করেন **Ms. Linda Burney MP**. বাংলাদেশ কমিউনিটি কাউন্সিলের প্রেসিডেন্ট জনাব **Farook Hannan** সকলকে ধন্যবাদ জানিয়ে আলোচনা পর্বের সমাপ্তি ঘোষণা করেন।

সন্ধ্যা ৭ঃ৪৫ মিনিটে শুরু হয় 'সংগীত সন্ধ্যা'। এতে অংশগ্রহন করেন আতিক হেলাল, নাসিম হোসাইন রিফাত ফতিমা বিতা, রুমানা ফেরদৌসি লনি, ফাহমিদা নাসরিন সোমা, সাইফুল, রনজিত দাস, রীটা, সোহেল, শারমিন জাহান পাপিয়া, জেনিফার হোসেন স্বর্ণা, এ কে এম ফারুক তাসফিয়া তাবাসুসুম সহ আরও অনেকে।

অনুষ্ঠানের শেষ পর্যায়ে ক্যাম্পসী এপ্লায়েন্স সেন্টার এবং karnifuli.com এর সৌজন্যে রাফেল ড্র অনুষ্ঠিত হয় এবং Sydney to Dhaka একটি বিমানের রিটার্ন টিকিট auction-এ বিক্রি করা হয়।

স্বাধীনতা দিবস উপলক্ষে সংগঠনের প্রচার ও প্রকাশনা সম্পাদক জনাব এম এ ওহাব মিয়ার সম্পাদনায় 'আনন্দ মেলা' নামের একটি মনোরম ম্যাগাজিন বের করা হয়। যাদের অক্লান্ত পরিশ্রমে মেলাকে সর্বাঙ্গিক সার্থক করা সম্ভব হয়েছে তাদের মধ্যে - **MA Wohab Miah, Mr. Kalam Khan, Dr. K. Taslim, Faruque Talukder, Jamil Hossain, Abdus Salam, Mahmudul Haque, Tarik Anjam and Noor Huda** -এর নাম উল্লেখযোগ্য। সর্বশেষে কাউন্সিলের প্রেসিডেন্ট-Mr Farooq Hannan সেক্রেটারী Mr Masood Chowdhury and Dr Abdul Wahab সকলকে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

